দৈনিক
আমাদের সময়

তারিখ 27 APR 2017
পৃষ্ঠা ৬ কলাম ৭

# শিক্ষকের পদোন্নতি-বদলির ক্ষমতা চান ডিপিওরা

এম এইচ রবিন ●

প্রাথমিকস্তরের শিক্ষার মৌলিক পরিবর্তনের সুপারিশ করেছেন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তারা (ডিপিও)। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের পদোন্নতি এবং বদলির ক্ষমতা চান ডিপিওরা। তারা পদোন্নতি নীতিমালা সহজীকরণ এবং শিক্ষক বদলি নীতিমালা সুস্পষ্ট করে রাজনৈতিক চাপ বন্ধের সুপারিশ করেছেন।

প্রাথমিক শিক্ষার মান-উন্নয়নের লক্ষ্যে মন্ত্রণালয়ে পাঠানো ডিপিওদের উল্লেখযোগ্য সুপারিশ হচ্ছে– বছরে তিনটির পরিবর্তে দুটি পরীক্ষা গ্রহণ, ক্লাস টেস্ট নেওয়া, প্রতিদিন ছয়টির পরিবর্তে চারটি বিষয়ে পাঠদান, ৩১ জানুয়ারি পর্যন্ত ভর্তির সময় নির্ধারণ, স্কুলের সময়সূচি দুপুর ২টা পর্যন্ত করা, ১ম-২য় শ্রেণিতে টিফিনের সময় দেওয়া এবং দুপুরের টিফিনের সময় ৩০ মিনিটের পরিবর্তে ৪৫ মিনিট করা, শিক্ষকদের ডিজিটাল হাজিরা পদ্ধতি চালু, একশোর নিচে শিক্ষার্থী বিশিষ্ট স্কুল বিলুপ্ত, স্কুল চলাকালীন কোচিং বন্ধ, কিন্ডারগার্টেন স্কুলের কার্যক্রম মনিটরিং, পাঠ্যবই সংরক্ষণের জন্য উপজেলা/থানা পর্যায়ে গুদাম নির্মাণ করা।

আসন্ন ডিপিও সম্মেলন উপলক্ষে তাদের কাছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নির্ধারিত ছকে প্রাথমিক শিক্ষার সমস্যা ও সমাধানের সুপারিশ চাওয়া হয়। এর পরিপ্রেক্ষিতে উল্লিখিত বিষয়গুলো মন্ত্রণালয়ের দৃষ্টিগোচর করেন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তারা। তাদের পাঠানো সুপারিশে আরও উল্লেখ করা হয়েছে– শিক্ষক সংকট, শ্রেণি কক্ষ ও ভবন সংকট, ৪র্থ শ্রেণির জনবলের অভাব, পদোন্নতির বঞ্চনা, অপ্রতুল বাজেট বরাদ্দে সমস্যার কথা।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, প্রথমবারের মতো আয়োজন হচ্ছে ডিপিও সম্মেলন। এ প্রসঙ্গে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. নজরুল ইসলাম খান আমাদের সময়কে জানান, প্রথমবারের মতো আয়োজিত সম্মেলনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের উপস্থিতিতে ডিপিওদের প্রস্তাব নিয়ে আলোচনা হবে। সমাধানের উপায়ও সম্মেলনে নির্ধারণ করা হবে। তবে এখন পর্যন্ত সম্মেলনের তারিখ নির্ধারণ হয়নি। নানা ধাপে সম্মেলনের প্রস্তুতি চলছে শিগগির তারিখ ও ভেন্যু ঠিক হবে।

গত ১৫ মাচ ডিপিওদের কাছে তথ্য চাওয়া হয়েছে, প্রাথমিক শিক্ষার মান্নোয়নের লক্ষ্যে মাঠপর্যায়ে কী সমস্যা? সমাধান কী হতে পারে? তাদের সমস্যা ও সম্ভাবনা বিষয়ে ডিপিওদের দেওয়া স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি সুপারিশ সম্মেলনে নানা পর্বে আলোচনা হবে। এ থেকে সমাধানের পথ খুঁজবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
2918
স্বাক্ষর